

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪০

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যার অভাবী হওয়া বা না হওয়ার বিষয়টি জানা যায় না, দানের ক্ষেত্রে তাকে অগ্রাধিকার দেওয়া মুস্তাহাব

ذَكَرُ اسْتِحْبَابِ الْإِيْثَارِ بِالصَّدَقَةِ مَنْ لَا يُعْلَمُ بِحَاجَتِهِ وَلَا غِنَاهُ عَنْهَا

আরবী

3340 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحَبَابِ حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسْرَهَدٍ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ عَنْ مَعْمَرٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَيْسَ الْمِسْكِينُ الَّذِي تَرُدُّهُ التَّمْرَةُ وَالتَّمْرَتَانِ وَالْأَكْلَةُ وَالْأَكْلَتَانِ وَلَكِنَّ الْمِسْكِينَ الَّذِي لَيْسَ لَهُ مَا يَسْتَعْنِي بِهِ وَلَا يُعْلَمُ بِحَاجَتِهِ فَيُتَصَدَّقُ عَلَيْهِ فَذَلِكَ الْمَحْرُومُ) الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3340 | خلاصة حكم المحدث: صحيح دون قوله: ((فذلك المحروم))؛ فإنه مقطوع من كلام الزهري - ((صحيح أبي داود)) (1442): ق.

বাংলা

৩৩৪০. আবু হুরাইরা রাছিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “ঐ ব্যক্তি (প্রকৃত) মিসকিন নয় যাকে এক গ্রাস বা দুই গ্রাস, এক লুকমা বা দুই লুকমা, একটি ও দুটি খেজুর দিয়ে বিদায় দেওয়া হয়। বস্ত্ত মিসকিন হলো ঐ ব্যক্তি যে এমন কিছু পায় না, যার মাধ্যমে সে স্বাবলম্বী হবেন আর তার প্রয়োজনের কথা মানুষ জানতে পারে না যে, তাকে সাদাকাহ করা হবে। এই ব্যক্তি হলো (কুরআনে বর্ণিত) মাহরুম বা বঞ্চিত ব্যক্তি।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১৬৩২; সহীহুল বুখারী: ১৪৭৬; দারেমী: ১/৩৭৯; মুসনাদ আহমাদ: ২/২৬০; সুনান বাইহাকী: ৭/১১; বাগাবী: ১৬০৩; সহীহ মুসলিম: ১০৯৩; নাসাঈ: ৫/৮৪-৮৫; আবু দাউদ: ১৬৩১; সহীহ ইবনু খুযাইমা: ২৩৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে “বঞ্চিত” অংশটুকু বাদে বাকী অংশকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৪২)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92673>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন